উল্লাস

সংক্ষিপ্ত আদিপাঠ

উল্লাস- নব ভারত সাক্ষরতা কার্যক্রম



রাজ্য সাক্ষরতা কেন্দ্র, রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

উল্লাস

সংক্ষিপ্ত আদিপাঠ

উল্লাস- নব ভারত সাক্ষরতা কার্যক্রম

রাজ্য সাক্ষরতা কেন্দ্র
রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

আমার বই

নাম – _____

ঠিকানা – _____

_____

মোবাইল নম্বর – _____

ULLAS - SANGKHIPTA ADIPATH : A concise primer for ULLAS - Nav Bharat Saksharta Karyakram (New India Literacy Programme) originally developed by Cell for National Centre for Literacy Assam at, NCERT, Delhi, adopted and adapted into Bengali by State Centre for Literacy (SCL), State Council of Educational Research and Training (SCERT), Assam and published by State Literacy Mission Authority (SLMA), Assam.

Free Textbook

ALL RIGHTS RESERVED : No reproduction in any form of this book, in whole or in part (except for brief quotation in critical articles or reviews) may be made without written authorization from the SCERT Assam.

©: State Centre for literacy (SCL), State Council of Educational Research and Training, Assam, Guwahati-781019

First Edition : 2023
Revised Second Edition : 2024
Original concise primer ULLAS developed by : Cell for National Centre for Literacy, NCERT, New Delhi

Bengali version adopted and adapted by : State Centre for Literacy (SCL), State Council of Educational Research and Training, Assam, Guwahati- 781019

Published by : State Literacy Mission Authority (SLMA)

Available in : DIKSHA Platform and made for free distribution

ভূমিকা

'জন জন সাক্ষর' এই বিশেষ স্লোগানকে ধরে কেন্দ্র ও রাজ্য সরকার রাষ্ট্রীয় শিক্ষানীতি- 2020 এর আধারে সকলের জন্য শিক্ষা নিশ্চিত করার উদ্দেশ্য নিয়ে একটি গণ আন্দোলন আরম্ভ করেছে। এই আন্দোলন কার্যসূচীর নাম হচ্ছে উল্লাস-নব ভারত সাক্ষরতা কার্যসূচী। পনেরো বছর বয়স থেকে শুরু করে বয়োজ্যেষ্ঠ সকলে যেন বুনিয়াদি সাক্ষরতা এবং সাক্ষিকতার জ্ঞান আয়ত্ত করে অবিরত শৈক্ষিক সুবিধা লাভ করে সেজন্য এই কার্যসূচীর লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এছাড়া, তারা যেন ব্যক্তিগত, সামাজিক এবং বৃত্তিগত জীবনেও নতুন গতিশীলতার সঙ্গে এগিয়ে দেশের সেবাতে অধিক অবদান যোগাতে পারেন, সেই উদ্দেশ্যে একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা উল্লাস-নব ভারত সাক্ষরতা কার্যসূচীতে প্রতিফলিত হয়েছে। এর সঙ্গে পূর্বের 'প্রাপ্তবয়স্ক শিক্ষা'-র পরিবর্তে 'সকলের জন্য শিক্ষা'- র ধারণাটিকে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে যাতে এই কার্যসূচী বয়সের ক্ষেত্রে কোন ধরনের প্রতিকূলতা সৃষ্টি না করে।

রাষ্ট্রীয় শিক্ষা নীতি 2020 এর আধারে এই নব ভারত সাক্ষরতা কার্যসূচী পাঁচটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোকপাত করছে, যেমন বুনিয়াদি সাক্ষরতা এবং সাংখ্যিকতা, জীবন কৌশল, কারিগরি দক্ষতার বিকাশ, বুনিয়াদি তথা প্রাথমিক শিক্ষা এবং অবিরত শিক্ষা। এই উদ্দেশ্য হাতে নিয়ে অসম সরকারের রাজ্য সাক্ষরতা অভিযান কর্তৃপক্ষ নব ভারত সাক্ষরতা কার্যসূচীর সূচনা করেছে। একইভাবে অসমে প্রতিষ্ঠিত রাজ্য সাক্ষরতা কেন্দ্রের পক্ষ থেকে রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ নব ভারত সাক্ষরতা কার্যসূচীর শৈক্ষিক ক্রিয়াকলাপসমূহ এগিয়ে নিয়ে যাচ্ছে। এর প্রথম পদক্ষেপ হিসেবে শিক্ষার্থীদের সহজ শেখনের জন্য রাষ্ট্রীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, নতুন দিল্লির রাষ্ট্রীয় সাক্ষরতা কেন্দ্রের কোষ থেকে প্রকাশিত 'উল্লাস' শীর্ষক আদিপাঠের ভিত্তিতে বাংলা ভাষায় 'উল্লাস' শীর্ষক আদিপাঠ চারটি ভাগে প্রকাশ করা হয়েছে। তার সমান্তরালভাবে আমরা 'উল্লাস' আদিপাঠটির একটি সংক্ষিপ্ত সংস্করণ প্রকাশ করে উন্মোচন করেছি যার নাম 'উল্লাস'। 'উল্লাস' সংক্ষিপ্ত আদিপাঠটিতে বর্ণমালা জ্ঞান, সাংখ্যিকতা থেকে শুরু করে ব্যবহারিক জীবনের কৌশলসমূহ-সকল বস্তু সংক্ষিপ্তভাবে তুলে ধরা হয়েছে। আশা করা হয়েছে যে স্বেচ্ছাসেবী শিক্ষকেরা অভিজ্ঞতালব্ধ শিক্ষা পদ্ধতির মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান করবেন এবং শেখার ফলাফলসমূহ আয়ত্ত করার চেষ্টা করবেন। এর সঙ্গে এই আদিপাঠে যথোপযুক্ত নির্দেশনা সংযোগ করা হয়েছে যাতে শিক্ষার্থীরা সক্রিয়ভাবে পাঠদানে অংশগ্রহণ করেন।

যথার্থভাবে এটি এই সময়ের দাবী যে আমাদের দেশের প্রত্যেক নাগরিক যেন শৈক্ষিক উত্তরণের মাধ্যমে কৌশলভিত্তিক অর্থনীতিতে যোগদান করতে পারে। উক্ত উদ্দেশ্যকে সার্থক রূপ দেওয়ার জন্য অসমের মাননীয় মুখ্যমন্ত্রী ড° হিমন্ত বিশ্ব শর্মা মহাশয়ের নেতৃত্বে অসম সরকার সামগ্রিক প্রয়াসের সূচনা করেছে। মাননীয় শিক্ষামন্ত্রী ড° রনোজ পেগু মহোদয় বিভাগীয় উপদেষ্টা, আধিকারিক তথা অগ্রগামী কর্মীদের সহযোগে নব ভারত সাক্ষরতা কার্যসূচীকে সুন্দরভাবে তুলে ধরেছেন। এক্ষেত্রে রাজ্য সাক্ষরতা কেন্দ্র গঠন করে কার্যসূচীর শৈক্ষিক কর্ম সম্পাদন করার দায়িত্ব আমাদের ওপর ন্যস্ত করা হয়েছে। কার্যসূচী রূপায়ণ করার ক্ষেত্রে অনানুষ্ঠানিক এবং প্রাপ্তবয়স্ক শিক্ষার সঞ্চালকালয় কৌশল তৈরি করেছে। জেলা পর্যায়ে জেলা আয়ুক্তের তত্ত্বাবধানে শিক্ষা আধিকারিকেরা জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং শিক্ষাখন্ডসমূহের সঙ্গে সংঘবদ্ধ প্রচেষ্টার সূচনা করেছে। আমরা নব ভারত সাক্ষরতা কার্যসূচীর সফলতা কামনা করছি এবং 'উল্লাস' সংক্ষিপ্ত আদিপাঠ শিক্ষার্থীদের কাছে এগিয়ে দিচ্ছি।

ড° নিৱদা দেবী
সঞ্চালক
রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পৰিষদ,
কাহিলিপাড়া, গুয়াহাটি - ১৯

স্বেচ্ছাসেবী শিক্ষক- শিক্ষয়িত্রীদের জন্য দুটি কথা

বুনিয়াদি সাক্ষরতা ও সাংখ্যিকতা সকলের জন্য শিক্ষার একটি গুরুত্বপূর্ণ অঙ্গ।পনেরো বছর বা ততোধিক বয়সের যে সকল শিক্ষার্থীরা শিক্ষিত কিন্তু বর্ণমালার জ্ঞান নেই বা নিরক্ষর, সেই ধরনের শিক্ষার্থীদের স্বাক্ষর করে তোলাই এর মূল উদ্দেশ্য। উল্লাস-নব ভারত সাক্ষরতা কার্যসূচীর অধীনে পড়া, লেখা এবং সাংখ্যিক দক্ষতা সেই সকল শিক্ষার্থীদের মধ্যে নিয়ে যাওয়া হবে, যারা কোনো বিশেষ কারণে বিদ্যালয় শিক্ষায় নাম ভর্তি করতে পারেননি বা ভর্তি হলেও কোনো বিশেষ কারণে সেই শিক্ষা অব্যাহত রাখতে পারেন নি। সুতরাং উল্লাস-নব ভারত সাক্ষরতা কার্যসূচীর মাধ্যমে সামাজিক চেতনা কেন্দ্র প্রতিষ্ঠা করে শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার চেষ্টা করা হচ্ছে। আপনার সংস্পর্শে আসা নিরক্ষর শিক্ষার্থীদের পড়া এবং লেখার ক্ষেত্রে তাদের বয়সের ভিন্নতা, পারিপার্শ্বিকতা, জীবিকাসমূহের ওপর গুরুত্ব দেওয়া অত্যন্ত জরুরি।

আমাদের মনে রাখা উচিত যে এই শিক্ষার্থীরা বিচার বুদ্ধিসম্পন্ন ব্যক্তি এবং তাদের জীবনের দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে। জীবনের বিভিন্ন প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন হওয়ার সঙ্গে সেগুলোর সাথে খাপ খাইয়ে চলার দক্ষতা তাদের রয়েছে। সম্ভবত এই সকল ব্যক্তির মধ্যে অধিকাংশই ঘরের বাইরে কোনো কাজে নিয়োজিত। আমাদের লক্ষ্য হচ্ছে তাদের দৈনন্দিন জীবনধারনের জন্য সাক্ষরতা পঠন এবং গণিতের জ্ঞান-বোধ সহজ করে তোলা যার মাধ্যমে তারা নিজের অভিজ্ঞতা আর বোধ (দক্ষতা) গভীর এবং সম্প্রসারিত করতে পারবেন। এর মাধ্যমে তাদের আত্মবিশ্বাস নিশ্চিতভাবে বৃদ্ধি পাবে।

আপনারা খেয়াল করবেন যে শিক্ষার্থীদের বাংলা ভাষা বুঝা এবং বলার সক্ষমতা রয়েছে, কিন্তু আনুষ্ঠানিকভাবে পড়ার সুযোগের অভাবে জীবনধারনের বহু ক্ষেত্রে অসুবিধের সম্মুখীন হওয়া প্রায় নিশ্চিত। কয়েকজন শিক্ষার্থীদের বর্ণমালার কিছু জ্ঞান তথা মৌখিকভাবে হিসেব করার দক্ষতা থাকতে পারে বা হিসেব করার অনানুষ্ঠানিক সুযোগ তারা হয়ত পেয়েছেন। কিন্তু সংখ্যা সনাক্ত করা এবং বিভিন্ন গাণিতিক সমস্যার সমাধান করার ক্ষেত্রে তাদের অক্ষমতা থাকতে পারে।

পাঠসমূহে ছবি, গল্প, কবিতা বা অন্য আকর্ষণীয় সামগ্রী ব্যবহার করে বাংলা ভাষার নতুন বর্ণ, শব্দ এবং বাক্য পড়তে ও লিখতে দেওয়া হয়েছে। এই পঠন সামগ্রীর মাধ্যমে সংখ্যা জ্ঞান এবং গাণিতিক বিষয়ের সমস্যা সমাধানের শিক্ষা দেওয়া হয়েছে। তদুপরি পাঠদানের শিক্ষনের বিষয়গুলোর উপর গুরুত্ব রেখে আমরা অতিরিক্ত স্থানীয় উপকরণ ব্যবহার করতে পারি। এভাবে আমরা শিক্ষার্থীদের স্তর, ক্ষমতা এবং প্রয়োজনীয়তাকে মাথায় রেখে পঠন সামগ্রী প্রস্তুত করতে পারি।

প্রস্তাবনাতে দেওয়া ছবিগুলোর সম্পূর্ণ ব্যবহার করবেন। ছবিগুলো শিক্ষার্থীদের অনুমান করে পড়া ও লেখা শিখতে সহায়তা করবে। ছবিগুলোর মাধ্যমে একটি সমগ্র প্রক্রিয়া বা পরিঘটনাকে তুলে ধরা হয়েছে। ছবিগুলি শিক্ষার্থীদের পারস্পরিক যোগাযোগের এবং অভিজ্ঞতাসমূহ ভাগ করে নেবার সুযোগ এগিয়ে দেয়।

– স্বেচ্ছাসেবী শিক্ষক হিসেবে এই বিষয়সমূহ জানাটি গুরুত্বপূর্ণ-

- মনে রাখবেন যে সাক্ষর হবার জন্য আমরা যাদের সহায়তা করতে যাচ্ছি সেই শিক্ষার্থীদের বয়স পনেরো বছর বা তার থেকে বেশি। তাদের অভিজ্ঞতার ভান্ডার আমাদের থেকে বেশি হওয়াটি অস্বাভাবিক নয়। সুতরাং স্বেচ্ছাসেবী শিক্ষকদের তাদের অভিজ্ঞতাকে সম্মান জানানো অত্যন্ত জরুরি।
- শিক্ষার্থীরা তাদের দৈনন্দিন কাজকর্ম নিজেরাই সম্পাদন করেন। সুতরাং তাদের কাজের দক্ষতাকে অভিনন্দন জানানো উচিত।
- যখন তারা জীবনকে আরো সুন্দর এবং উন্নত করার জন্য শিক্ষার মহত্ব বুঝতে পারবেন, তখনই তারা এই শিক্ষাকে জীবনের জন্য উপযোগী বলে বিবেচনা করবেন। এবং তখনই তারা শিক্ষা গ্রহণ করতে আগ্রহ পাবেন। আপনার শিক্ষার্থীদের যথাসম্ভব ভালোভাবে তৈরি করুন, যেন তারা যা অধ্যয়ন করছেন, তার থেকে লাভবান হতে পারেন। এর থেকে আমরা অনেক কথা শিখব এবং আমাদের আত্মবিশ্বাস বৃদ্ধি পাবে। সুতরাং আমরা শিক্ষার্থীদের সম্পূর্ণ প্রস্তুতি, কঠোর পরিশ্রম এবং শ্রদ্ধার সঙ্গে শেখাবো। এই আদিপাঠটি বাংলাভাষা জ্ঞান এবং সাংখ্যিকতা জ্ঞানের একটি সংহত রূপ। এর প্রতিটি পাঠে বাংলা ভাষা জ্ঞানের দক্ষতা এবং গাণিতিক দক্ষতা বিকাশের যথেষ্ট সুযোগ রয়েছে।

'উল্লাস'- সংক্ষিপ্ত আদিপাঠটির প্রথমেই শিক্ষার্থীদের নিজের নাম, ঠিকানা এবং যোগাযোগের তথ্য (ফোন নম্বব) লিখতে পারার জন্য যথেষ্ট জায়গা দেওয়া হয়েছে। শিক্ষার্থীরা হয়ত নিজের নাম লিখতে পারবেন না, সুতরাং স্বেচ্ছাসেবী শিক্ষকদের শিক্ষার্থীদের নামগুলো লিখে দেওয়া উচিত এবং তাদের প্রয়োজনীয় তথ্য, যেমন- ঠিকানা, ফোন নম্বর ইত্যাদি লিখে দেখানোর সাথে তাদের সেগুলো দেখে দেখে লিখতে সাহায্য করা উচিত।

'উল্লাস'- সংক্ষিপ্ত আদিপাঠটির চারটি ভাগের প্রতিটির শেষে বাংলা ভাষার বর্ণমালা দেওয়া হয়েছে। এর উদ্দেশ্য হচ্ছে শিক্ষার্থীদের বাংলা বর্ণমালার বর্ণের সঙ্গে পরিচয় করিয়ে বারবার সেগুলো স্মরণ করিয়ে দেওয়া। কিন্তু বাংলা বর্ণমালার বর্ণের সঙ্গে পরিচয় দৈনন্দিন জীবনের বিষয়বস্তু থেকেই শুরু করা উচিত। একবার বর্ণগুলোর সঙ্গে পরিচয় করিয়ে দিতে পারলে শিক্ষার্থীদের যুক্তাক্ষর, শব্দ গঠন, বাক্য বিন্যাস ইত্যাদি ক্রমান্বয়ে শেখাতে পারা যায়। যে সমস্ত শিক্ষার্থীদের ইতিমধ্যে কিছু বর্ণমালার দক্ষতা আছে তাদের জন্য প্রথমে বাংলা বর্ণমালার চার্ট ইত্যাদি ব্যবহার করতে দেওয়া যেতে পারে।

বর্ণমালার চার্ট নিয়মিত ব্যবহার করলে শিক্ষার্থীদের পঠন, লিখন এবং সাংখ্যিক দক্ষতা বৃদ্ধি পাবে। তারা নিজেরাই অনুমান করে বর্ণ চিনতে, পড়তে এবং লিখতে অভ্যাস করবেন।

বাংলা বর্ণমালা সনাক্তকরণকে কেন্দ্র করে ভাষা সংক্রান্ত খেলার আয়োজন করা যেতে পারে। উদাহরণস্বরূপ- বাংলা বর্ণমালার একটি বর্ণ দিয়ে আরম্ভ করে শব্দ বলা, একটি থেকে অধিক বর্ণ ব্যবহার করে শব্দ পড়া ও তৈরি করতে দেওয়া ইত্যাদি। একটি থেকে অধিক বর্ণ ধ্বনি ব্যবহার করে শব্দ পড়া এবং লেখার মত খেলার আয়োজন করা যেতে পারে।

বাংলা বর্ণমালার বর্ণগুলোকে বর্ণজাল হিসেবে ব্যবহার করে শব্দ গঠন প্রক্রিয়ায় খেলার ব্যবহার করা যেতে পারে। ইতিমধ্যে শেখা বর্ণ / মাত্রা ইত্যাদিও এই বর্ণজালে ব্যবহার করা যেতে পারে।

এছাড়াও ব্যবহারিক জীবনের প্রয়োজনীয়তার প্রতি লক্ষ্য রেখে শিক্ষার্থীদের ইংরাজি তথা রোমান সংখ্যাগুলোর অভ্যাস করানোর ব্যবস্থা রয়েছে। পাঠে যেখানে যেখানে সংখ্যা ব্যবহার করা হয়েছে, সেখানে আপনারা সংখ্যাগুলো ইংরাজিতে দেখতে পাবেন। সঙ্গে বাংলা সংখ্যা জ্ঞান নিশ্চিত করার জন্য সংখ্যার তালিকা প্রত্যেক আদিপাঠে সংযুক্ত করা হয়েছে ।

স্বেচ্ছাসেবী শিক্ষক- শিক্ষয়িত্রীদের বলার মত আমাদের এইটুকুই।

রাজ্য সাক্ষরতা কেন্দ্র
রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রক্ষিক্ষণ পরিষদ, অসম

রাজ্য সাক্ষরতা কেন্দ্র

সঞ্চালক

ড° নিরদা দেবী, সঞ্চালক, রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

সদস্যগণ

লক্ষ্মীকান্ত দাস, অবসরপ্রাপ্ত যৌথ সঞ্চালক, রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম
বরষা শইকীয়া, যৌথ সঞ্চালক, রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম
মনস্বী গোঁহাই, প্রশিক্ষণ পরিদর্শক, রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম
ড° শিরোমণি ভুঞা, প্রবক্তা, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, কামরূপ, মির্জা
ড° হিমাংশু গোস্বামী, প্রবক্তা, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, দরং, দলগাঁও
ড° ইমন বরদলৈ, প্রবক্তা, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, দরং, দলগাঁও
মন্দাকিনী ডেকা, প্রবক্তা, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, জোরহাট, তিতাবর
চয়নিকা শইকীয়া, প্রবক্তা, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, নগাঁও, চামগুরি
ড° অভিমন্যু দত্ত, প্রবক্তা, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, শোণিতপুর, বিশ্বনাথ চারিআলি

'উল্লাস'- সংক্ষিপ্ত আদিপাঠ (বাংলা মাধ্যম) প্রস্তুত করনের বিভিন্ন পর্যায়তে জড়িত ব্যক্তিগণ-

উপদেষ্টা

ড° নিরদা দেবী, সঞ্চালক, রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

'উল্লাস'- সংক্ষিপ্ত আদিপাঠ প্রস্তুতকরন কর্মশালাতে অংশগ্রহণ করা ব্যক্তিগণ -

রুচিরা গুপ্ত, প্রবক্তা, ডায়েট কাছাড়

দেবাশীষ সিংহ, অধ্যক্ষ, সিং ভিঃ পিঃ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, করিমগঞ্জ

অরুন্ধতী সাহা, সহ শিক্ষিকা, পল্টন বাজার বেঙ্গলি হায়ার সেকেন্ডারি স্কুল, গুয়াহাটি

শোভা দেরী, সহ শিক্ষিকা, পল্টন বাজার বেঙ্গলি হায়ার সেকেন্ডারি স্কুল, গুয়াহাটি

অমৃতা গুপ্ত ভট্টাচার্য, সহ শিক্ষিকা, নিমাই চাঁদ হাইস্কুল, কাছাড়

ড° এন. মেমমা্ সিংহ, সহ শিক্ষিকা, নিউ গুয়াহাটি রেলওয়ে ক'লনি হাইস্কুল, গুয়াহাটি

ভাস্কৰ চক্রৱর্তী, সহ শিক্ষক, লুতুমা এম.ই. স্কুল, গুয়াহাটি

প্রচ্ছদ-অলংকরণ

প্রাগজ্যোতিষ ভূঞা, শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়, নগাঁও

মনিদীপ বৈশ্য, সরুমটরীয়া, গুয়াহাটি- ৬

ডি.টি.পি.

জ্যোতিমোহন কলিতা

কৃতজ্ঞতা স্বীকার

- ড° দীনেশ প্রসাদ সাকলানি, সঞ্চালক, রাষ্ট্রীয় শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, নয়া দিল্লি
- ড° উষা শর্মা, প্রাধ্যাপক, রাষ্ট্রীয় সাক্ষরতা কেন্দ্র, রাষ্ট্রীয় শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, নয়া দিল্লি
- রাষ্ট্রীয় সাক্ষরতা কেন্দ্র, রাষ্ট্রীয় শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, নয়া দিল্লির অভিজ্ঞ ব্যক্তিগণ
- ড° বাণী বরা, জ্যেষ্ঠ প্রালোচক, রাষ্ট্রীয় সাক্ষরতা কেন্দ্র, নয়া দিল্লি
- য়াছনা গুপ্তা, প্রালোচক, রাষ্ট্রীয় সাক্ষরতা কেন্দ্র, নয়া দিল্লি
- হিন্দি ভাষাতে প্রকাশিত মূল 'উল্লাস' আদিপাঠ প্রবেশিকা সংক্ষিপ্ত সংস্করনের প্রস্তুতকরনে জড়িত ব্যক্তিগণ

সূচীপত্র

ভূমিকা iii-iv

স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষয়িত্রীদের জন্য কিছু কথা v-vii

1. পরিবার ও প্রতিবেশী 1-14

- অ, আ, ন, প, স, র, ব
- 1 থেকে 20 পর্যন্ত সংখ্যা চেনা,পড়া ও লেখা

2. কথাবার্তা 15-31

- ই, ঈ, ব, ত, ম. খ, ট, চ
- 21 র থেকে 50 পর্যন্ত সংখ্যা চিনতে পারা,পড়া ও লিখা
- 1 র থেকে 50 পর্যন্ত সংখ্যা যোগ ও বিয়োগ
- একক ও দশকের সাহায্যে গণনা করা

3. আমাদের দৈনন্দিন জীবন 32-50

- ও, ঔ, ঝ, দ, ল, গ, ক, য
- 51 থেকে 100 পর্যন্ত সংখ্যা চেনা, পড়া ও লেখা
- একক, দশক এবং শতকের সমষ্টির গণনা করা (স্থানীয় মান)
- দুই অঙ্কের সংখ্যা যোগ এবং বিয়োগ করা
- এক অঙ্কের সংখ্যার গুণ করা
- 100 -100 এর সমষ্টিতে গণনা করা

4. আমাদের চারপাশ 51-65

- এ, ঐ, জ, ভ, ড, ড়, শ, ষ, ং, ঃ
- তিন অঙ্কযুক্ত সংখ্যার যোগ ও বিয়োগ
- দৈর্ঘ্য, ওজন ও তরল পদার্থের মাপ নিতে জানা
- দুই অঙ্কের সংখ্যার সাথে একটি সংখ্যার গুণ করা
- ওজনের ধারণা করতে পারা

5. খাদ্য ও স্বাস্থ্য 66-78

- উ, ঊ, হ্, ছ্, থ, ফ, ঠ
- সময় দেখা শেখা (ঘন্টা, মিনিট, সেকেন্ড)
- সময়ের এককগুলো পরস্পরের সাথে অদল বদল করা
- ডিজিট্যাল সংখ্যা অদল বদল করা ও লিখা

6. ভোটদান 79-89


- ঘ, ধ, ঢ, ঢ়, ক্ষ
- সময়ের মাপজোখের ব্যবহার করা 12 ও 24 ঘন্টার ঘড়ী।
- ক্যালেন্ডার, সময়ের তালিকা ও রেলওয়ের টিকটে দেওয়া তথ্যর বিষয়ে জানা।

7. আইনী ও বিত্তীয় সাক্ষরতা 90-105

- ঋ, ণ, ঞ, য়, ঙ, ৎ, ঃ
- ব্যাঙ্ক সম্পর্কিত প্র-পত্র পড়া, বুঝা ও পূর্ণ করা
- এ.টি.এম., ভীম অ্যাপ, মোবাইল, সাইবার সম্বন্ধীয় তথ্য

আলোচনার জন্যে -

1. এই ছবিটি কোন জায়গার ? **2.** কে কী কী করছে? **3.** রেশনের দোকানে কী কী পাওয়া যায়?
4. এই ছবিতে মোট কতজন ছেলে-মেয়ে আছে? **5.** এই ছবিতে 7 সংখ্যাটি কোথায় লেখা আছে?
6. এই ছবিতে মোট কতগুলি বেঞ্চ আছে ?



1 পরিবার ও প্রতিবেশী

আমরা শিখবো

অ	আ	ন	প	স	র	ব

- 1 থেকে ২০ পর্যন্ত সংখ্যা চেনা, পড়া ও লেখা।

আসুন, ছবি দেখে পড়ি -



দোকান



পরিবার



ঘর



প্রতিবেশী



জন সাধারণ



গলি

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ সব শিক্ষার্থীদেরকে প্রতিটি ছবি সনাক্ত করতে দেন। ছবির সাথে মেলা শব্দ দেওয়া হয়েছে। শব্দগুলোর উপর আঙুল রেখে পড়তে বলুন।

আসুন, পড়ি ও লিখি -

অ




অসম

আ




আম

ন



নদী

না



নারিকেল

প



পক্ষী


পা



পাতা

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীদেরকে একজন একজন করে ছবি সনাক্ত করতে দেন। ছবির সাথে মেলা শব্দ দেওয়া হয়েছে। ছবির উপর আঙুল রেখে শব্দগুলো পড়তে বলুন এবং অক্ষরগুলো লিখতে বলুন। 'অ' ও 'আ' র মধ্যে থাকা ধ্বনি এবং আকৃতির পার্থক্য ব্যাখ্যা করুন। এই ভাবে বাকি অক্ষরগুলো পড়তে এবং লিখতে বলুন।

স




সভা

সা

৭

সাত

র



রস

রা



রাণী

ব



ভবন

বা



জবা


পড়ুন ও লিখুন -

নানা	আম	নব	নাবালক
পাড়	আনা	সাপ	অকাল
পান	অনা	সড়ক	
	নর	রাগ	

শব্দগুলো সনাক্ত করে বৃত্ত করুন -

আ	রা	প	ন	স
র	স	অ	ব	প
ব	পা	ন	অ	ন
ন	ব	সা	পা	প
আ	স	রা	ন	র


ছবি দেখে শূন্য স্থান পূর্ণ করুন -





পা .....

আ.....রস



ব.....

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ স্বেচ্ছাসেবী শিক্ষকরা শিখে আসা অক্ষরগুলো বোর্ডে লিখে শিক্ষার্থীদেরকে শব্দ তৈরি করতে দিন। সবাই মিলে এক সঙ্গে শব্দগুলো তৈরি করবে। শিক্ষার্থীদেরকে অক্ষর লেখার জন্যে উৎসাহিত করুন। লেখা শব্দগুলো এক একটি করে পড়তে বলুন।

সংখ্যা গণনা ও সনাক্ত করুন -




1 ১

একটি নৌকা




2 ২

দুইটি আপেল



3 ৩

তিনটি ফুল



4 ৪

চারটি আম



5 ৫

পাঁচটি ঘর




6 ৬

ছয়টি সারস




7 ৭

সাতটি কলসী



8 ৮

আটটি নল



9 ৯

নয়টি বেদানা

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ চেষ্টা করবেন যাতে শিক্ষার্থীরা ছবিতে বস্তুগুলো গননা করতে পারেন এবং দেখানো সংখ্যাগুলোকে চিনতে পারেন। শিক্ষার্থীদেরকে আশে-পাশে থাকা বস্তুগুলো গণনা করার জন্য বলুন, যেমন - এই কক্ষতে কয়জন ব্যক্তি আছে? কে কী কী করছে? ইত্যাদি শিক্ষার্থীদের ব্যবহারিক শেখার উদ্দেশ্য সংখ্যাগুলি ইংরেজিতে ব্যবহার করা হয়েছে। কিন্তু তারা যাতে বাংলা শব্দগুলো শিখতে পারে তার জন্যে বাংলা সংখ্যাগুলো এক সাথে দেখানো হয়েছে।

■ সংখ্যাগুলো দেখুন, গণনা করুন ও লিখুন -

1	1	6	6
2	2	7	7
3	3	8	8
4	4	9	9
5	5		

■ মোবাইলে কোনটি সংখ্যা কোথায় আছে ? শূন্য স্থানে শুদ্ধ সংখ্যাটি লিখুন -



শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীদেরকে মোবাইলে থাকা সংখ্যাগুলি লেখার অভ্যাস করাবেন। চেষ্টা করবেন যাতে শিক্ষার্থীরা প্রথম এই সংখ্যাগুলি বিন্দুযুক্ত রেখার সাহায্যে লিখার পরে নিজে বলেন ও লিখেন। যে শিক্ষার্থীদের অধিক অনুশীলনের প্রয়োজন আছে, তাদেরকে পুনঃ পুনঃ অনুশীলন করতে দিবেন। চেষ্টা করবেন যাতে শিক্ষার্থীরা মোবাইলের কী-পেডে লেখা সংখ্যার ক্রম চিনতে পারে এবং সেই অনুসারে সংখ্যাগুলি 1 থেকে 9 পর্যন্ত লিখতে পারে।

রতনের পরিবার গরুর গাড়িতে যাচ্ছে। এখন দেখুন, গণনা করুন ও লিখুন -



- গাড়িতে মোট কতজন ব্যক্তি আছে ?
- গাড়িতে কয়জন পুরুষ আছে ?
- গাড়িতে কয়জন মহিলা আছে ?
- ঝুড়িতে কতগুলি তরমুজ আছে ?
- গাড়িতে কয়টি চাকা আছে ?
- গাড়িতে কয়টি লণ্ঠন আছে ?

শূন্য স্থানে সংখ্যা লিখে ক্রম পূর্ণ করুন -

1		3	4		6			9

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীদেরকে বস্তু গণনা করতে এবং সঠিক সংখ্যা লেখার অনুশীলন করতে দিন। শিক্ষার্থীদেরকে সঠিক সংখ্যা পড়তে এবং লিখতে সাহায্য করুন। আপনি তাদের চারপাশে উপস্থিত থাকা বিভিন্ন বস্তুর সংখ্যা গণনা করতে দিন।

আসুন, এক সাথে গণনা করি -



দশটি নল 10



এগারটি খাট 11



বারোটি পাতা 12



তেরোটি আলমারি 13



চৌদ্দটি ঘুড়ি 14



পনেরটি ফুল 15



ষোলটি নারিকেল 16



সতেরোটি বেদানা 17



আঠারোটি মাছ 18



উনিশটি মুক্তা 19



কুড়িটি দেশলাই কাঠি 20

শূন্য স্থানে সংখ্যা লিখে ক্রম পূর্ণ করুন -

10		12		14	15		17			20

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীদেরকে ছবিতে দেওয়া সংখ্যাগুলোর গণনা করতে দিন এবং সংখ্যাগুলো লেখতে সাহায্য করুন। ইচ্ছা করলে আশ-পাশে থাকা বস্তুগুলো গণনা করতে দিন।

কার্য পত্র

1. অক্ষরটি সনাক্ত করে বৃত্ত করুন -

ন -	নল	বাহন
স -	আসন	রস
রা -	রাস	রাবণ
পা -	পাতা	আনারস

2. পড়ুন ও লিখুন -

পা প আ স না


3. ছবি দেখে শূন্য স্থান পূর্ণ করুন -



আনা.....স



....ন



....প

4. শব্দগুলো সনাক্ত করে বৃত্ত করুন -

আ	ন	স	প	অ
প	না	ব	রা	স
পা	প	র	অ	না
ন	র	রা	স	পা
পা	অ	র	ব	র



5. গণনা করে সংখ্যা লিখুন -

6. শূন্য স্থানে সংখ্যা লিখে ক্রম সম্পূর্ণ করুন -

1		3	4					9

7. গণনা করে সংখ্যা লিখুন -


			
			

8. শূন্য স্থানে সংখ্যা লিখে ক্রম সম্পূর্ণ করুন -

10		12		14	15		17			20

আলোচনার জন্যে -

1. নিজের কথা অন্যকে পাঠানোর জন্যে এই ছবিটিতে কী কী উপায় প্রয়োগ করা হয়েছে?
2. আপনি কখনো ডাকঘরে গিয়েছো?
3. আপনি ডাকঘরে কী কী কাজে যান?
4. বার্তা ও খবর কী কী উপায় দিয়ে পাওয়া যায়?
5. মোবাইলের ব্যবহার আলাপ ছাড়া অন্য কী কী কাজে ব্যবহার করা হয়?



2 কথাবার্তা

আমরা শিখবো

ই	ঈ	ব	ত	ম	খ	ট	চ

- 21 থেকে 50 পর্যন্ত সংখ্যা চিনতে পারা, পড়া ও লিখা
- 1 থেকে 50 পর্যন্ত সংখ্যা যোগ ও বিয়োগ
- একক ও দশকের সাহায্যে গণনা করা


আসুন, ছবি দেখে পড়ি -



সংবাদ পত্র



ডাক বাক্স




রেডিও



কথাবার্তা



মোবাইল




দূরদর্শন

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীদেরকে প্রতিটি ছবি সনাক্ত করতে দিন। ছবির সাথে থাকা শব্দগুলো পড়তে দিন।

আসুন, পড়ি ও লিখি -

ই



ইট

ঈ




ঈগল

ব



বল

বা



বাঘ

বি




বিল

বী



বীট

ত



তপন

তা




তাল

ি

৩

তিন

ী



তীর

ম



মটর

মা



মালা


শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ ছবিগুলো দেখে শিক্ষার্থীগণকে শব্দগুলো পড়তে সাহায্য করুন এবং অক্ষরগুলো লিখতে দিন।

মি



মিষ্টি

মী



মীন

খ



খরম

খা




খাম

খি



খিচুড়ি

খি



খিড়কি

ট




টগর

টা



টাকা

ঢি




ঢিকিট

ঢী



ঢীকা

চ



চক্ষু

চা



চামচ

চি



চী



চিঠি

চীনের প্রাচীর

ছবি দেখে শূণ্য স্থান পূর্ণ করুন -



আ.....



ঘ.....



.....ছ




.....কৈ

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীগণকে অক্ষরগুলো চিনতে পারতে ও তার সাথে জড়িত শব্দগুলো লিখতে উৎসাহিত করুন।

আসুন, বাক্যগুলো এক সাথে পড়ি -

- অসীমের ঘর শহরে।
- আমি ভাত খাই।
- করিম মিষ্টি খাচ্ছে ।
- মিনা চিঠি লিখছে ।
- বাসে অনেক মানুষ আছে ।

ছবিগুলোর নাম লিখুন -




.....



.....



.....



.....

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীগণকে শব্দগুলো পড়তে সাহায্য করুন। শিক্ষার্থীগণকে অক্ষর চিনতে পারতে ও অক্ষরের সাথে জড়িত শব্দগুলো চিনতে পারতে উৎসাহিত করুন। সাথে ছোটো ছোটো বাক্য লিখতে উৎসাহিত করুন ।

- আমিনার ঘরে 5 জন মানুষ আছে। 4 জন মানুষ নতুন করে তাদের ঘরে আসল। এখন আমিনার ঘরে মোট কতজন মানুষ আছে ?


ও

মিলে হল


5	জন	ও	4	জন মিলে হল	9	জন
5		+	4	মিলে হল	9	
5		+	4	=	9	

5 + 4 = 9 বা
$$\begin{array}{r} 5 \\ +\ 4 \\ \hline 9 \end{array}$$

- যোগ করুন

$$\begin{array}{r} 13 \\ +\ 2 \\ \hline \\ \hline \end{array} \qquad \begin{array}{r} 15 \\ +\ 3 \\ \hline \\ \hline \end{array} \qquad \begin{array}{r} 12 \\ +\ 4 \\ \hline \\ \hline \end{array}$$

7 + 2 = ☐

13 + 4 = ☐

- ডাকপিয়ন প্রথম দিন 4 টি চিঠি বিতরণ করল। দ্বিতীয় দিন সে 3 টি চিঠি বিতরণ করল। দুই দিনে ডাক-পিয়ন মোট কতটি চিঠি বিতরণ করল ?



শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীগণকে ছবির সাহায্যে গণনা করতে সুবিধা দেবেন যাতে তাঁরা 10 থেকে 20 পর্যন্ত সংখ্যা চিনতে পারে। গণিতে '+' য়ে জমা হওয়া , '-' য়ে কমে যাওয়া এবং '=' য়ে সমানকে বুঝায়।


■ নয়টি কম্পিউটারের দুইটি খারাপ হল। বলুনতো, এখন কয়টি কম্পিউটার ভাল হয়ে আছে ?





☐ টি কম্পিউটার খারাপ হল

☐ টি কম্পিউটার থেকে



ভাল হয়ে থাকা কম্পিউটার ☐ টি

9 টি কম্পিউটার থেকে — **2** টি কম্পিউটার খারাপ হল = **7** টি কম্পিউটার ভাল হয়ে আছে

9 — **2** বাকি আছে = **7**

9 — **2** = **7**

9 – 2 = 7

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ আমাদের প্রায়ই দৈনন্দিন জীবনে দুইটি সংখ্যা যোগ করতে হয়। সেজন্য, শিক্ষার্থীগণকে আলাদা আলাদা সংখ্যা যোগ করতে উৎসাহিত করবেন। ছোট সংখ্যা (9 পর্যন্ত) প্রয়োগ করে বিয়োগ করতেও শেখাবেন।

■ বিয়োগ করুন -

$$\begin{array}{r} 9 \\ -\ 3 \\ \hline \\ \hline \end{array} \qquad \begin{array}{r} 6 \\ -\ 2 \\ \hline \\ \hline \end{array} \qquad \begin{array}{r} 8 \\ -\ 4 \\ \hline \\ \hline \end{array}$$

$7 - 3 = \square$


$5 - 2 = \square$

● আকাশের সাথে 20 টাকা আছে, তার থেকে সে 15 টাকার ফল কিনল। এখন তার সাথে কত টাকা আছে ?

■ আসুন, যোগ ও গণনা শিখি -

■ মিষ্টির বাক্সে 10 টা লাড্ডু আছে । 10 এককের অর্থ হল 1 দশক।

■ আসুন, এখন দেখি ও বুঝি লিখি -




20 + 1 = 21

2 দশক ও 1 একক — একৈশ



20 + 2 = 22

2 দশক ও 2 একক — বাইশ



20 + 3 = 23

2 দশক ও 3 একক — তেইশ



20 + 4 = 24

2 দশক ও 4 একক — চব্বিশ



20 + 5 = 25

2 দশক ও 5 একক — পঁচিশ



20 + 6 = 26

2 দশকও 6 একক — ছাব্বিশ



20 + 7 = 27

2 দশক ও 7 একক — সাতাশ




20 + 8 = 28

2 দশক ও 8 একক — আটাশ



20 + 9 = 29

2 দশক ও 9 একক — উনত্রিশ



20 + 10 = 30

2 দশক ও 10 একক — ত্রিশ

বা 3 দশক

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীগনকে পরবর্তী সংখ্যাগুলো লিখতে সাহায্য করুন।

50 পর্যন্ত গণনা করুন -

30	+	1	=	31	40	+	1	=	41
30	+	2	=	32	40	+	2	=	42
30	+	3	=	33	40	+	3	=	43
30	+	4	=	34	40	+	4	=	44
30	+	5	=	35	40	+	5	=	45
30	+	6	=	36	40	+	6	=	46
30	+	7	=	37	40	+	7	=	47
30	+	8	=	38	40	+	8	=	48
30	+	9	=	39	40	+	9	=	49
30	+	10	=	40	40	+	10	=	50

■ একটি বাক্সে 10 টি কাঠি আছে। কাঠিগুলোর মোট সংখ্যা বাক্সে লিখুন।

		বা ☐ + ☐
		বা ☐ + ☐

■ নীচে দেওয়া 10 টাকার নোট ও 1 টাকার মুদ্রা মিলে মোট কত টাকা হয় লিখুন।

	10 টাকার নোট		1 টাকার নোট		মোট টাকা
(ক)		+		=	34
(খ)		+		=	☐

■ যোগ করুন -

40	30	40	25	32
+ 5	+ 7	+ 10	+ 12	+ 15
———	———	———	———	———
———	———	———	———	———

■ যোগ করুন -

27 + 12 = ☐ 32 + 11 = ☐

22 + 14 = ☐ 15 + 25 = ☐

- বিয়োগ করুন -

48	36	42	49
− 32	− 13	− 21	− 19
____	____	____	____
____	____	____	____

39 − 23 = ☐ 45 − 31 = ☐

29 − 12 = ☐ 37 − 15 = ☐

- আপনার সাথে 10 টাকার ও 1 টাকার কিছু নোট ও মুদ্রা আছে। আপুনি দোকানীকে সামগ্রীগুলোর মূল্য কীভাবে দেবেন? নোট ও মুদ্রার সংখ্যা শূণ্যস্থানে ভরান।

সামগ্রী	মূল্য	10 টাকার নোট / মুদ্রা	1 টাকার নোট / মুদ্রা
মটর	₹50		
বরফি	₹42		
মুগ	₹29		
কলা	₹15		

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীগণকে বলবেন যে দশজনীয় দলে গণনা করলে বৃহৎ সংখ্যা গণনা করতে সহায় হয়। তাদেরকে বুঝাতে হবে যে দশ এককে এক দশক গঠন করে। মুদ্রার প্রতীক হচ্ছে ₹।

কার্য পত্র


1. নীচে দেওয়া অক্ষর কয়টি সনাক্ত করে বৃত্ত করুন -

ই - ইট	আইন
ট - হাট	মটর
তী - তীর	জাতীয়

2. শব্দ কয়টি লিখুন -



3. ছবি দেখে শূণ্য স্থান পূর্ণ করুন -



বেলু.....



ম.....র



ত.....লা



আল.....রি

4. ছবির নাম লিখুন -



.....



.....



.....



.....


5. যোগ করুন -

13	36	20	27	32
+ 32	+ 4	+ 15	+ 12	+ 11
_____	_____	_____	_____	_____

6. বিয়োগ করুন -

9	8	36	45	37
− 3	− 4	− 12	− 21	− 15
_____	_____	_____	_____	_____

7. গণনা করে কত পেলেন লিখুন -

 = _____

8. শূণ্য স্থান পূর্ণ করুন -

30 + 5 = _____ 40 + 5 = _____

40 + 2 = _____ 40 + 10 = _____

9. নোট বা মুদ্রার শূণ্য স্থানে লিখুন -

মূল্য	10 টাকার নোট / মুদ্রা	1 টাকার নোট / মুদ্রা
₹42		
₹29		

আলোচনার জন্যে -

1. এই ছবিতে কী কী দেখা যাচ্ছে? **2.** ছবিতে কে কী কী করছে ? **3.** ছবিতে মহিলারা কী করেছে?
4. ছবিতে কতজন পুরুষ আছে? **5.** ছবিতে কতজন মহিলা আছে?



3 আমাদের জীবন-শৈলী

আমরা শিখবো


ও	ঔ	ঝ	দ	ল	গ	ক	য

- 51 থেকে 100 পর্যন্ত সংখ্যা চেনা, পড়া ও লেখা
- একক, দশক এবং শতকের সমষ্টির গণনা করা
- দুই অঙ্কের সংখ্যা যোগ এবং বিয়োগ করা
- এক অঙ্কের সংখ্যার গুণ করা
- 100 -100 এর সমষ্টিতে গণনা করা


আসুন, ছবি দেখে পড়ি -



দুর্গা পূজা




বিবাহ



তাঁত



শাড়ি



একতারা



গোশালা

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীদেরকে প্রত্যেকটি ছবি সনাক্ত করার জন্যে বলুন। ছবির সাথে থাকা শব্দগুলো পড়তে দিন ।

আসুন, পড়ি ও লিখি -

ও



ওলকবি

ঔ



ঔষধ

ঝ



ঝংকার

ঝা




ঝাড়ু

য



যমজ

যা



যাঁতা

দ

10

দা



দশ

দাড়ি

দি



দিয়াশলাই

দী



দীপক

দো



দোয়াত

দৌ



দৌড়ান

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীদেরকে এক একজন করে ছবির সাথে পরিচিত করুন। ছবির নীচে দেওয়া শব্দতে আঙুল রেখে শব্দগুলো পড়তে দিন এবং তাদেরকে অক্ষর লিখতে দিন।

ল



লতা

লা



লাউ

লি



লিচু

লী




লোক লীলা

লো



লোহা

লৌ



হলৌ

গ




গগন

গা



গামছা

গি



গিরি

গী



গীত

গো



গোলাপ

গৌ



গৌতম

ক



কলা

কা



কাক

কি



কিতাব

কী



কীট

কো



চাল কোমর

কৌ



কৌ-গাছ

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীদেরকে ছবি দেখে শব্দ পড়ার জন্যে সাহায্য করুন এবং তাদেরকে অক্ষর লিখতে দিন। এই অক্ষরগুলি থেকে অন্য নতুন শব্দ তৈরি করে পড়তে দিন।

আসুন, শব্দ খোঁজে লিখি -

আজকে কমল অনেক খাবার রান্না করেছে। খাদ্য বস্তুগুলোর নাম সনাক্ত করে তার উপরে বৃত্ত করুন।



পনির	পেঁয়াজ	তেঁতুল	টমেটো	বাটি	থাল	গেলাস
চাটনি	পালং	ডাল	ভাত	গ্যাস	রুটি	খেলনা
ভাজি	লবণ	জল	জগ	বেলনা	খির	লাউ

খাদ্য বস্তুগুলোর নাম লিখুন -

আসুন, পড়ি ও লিখি -

- সাহিল বাড়ি যাচ্ছে ।

- খবরের কাগজে খবর থাকে।

- বৃষ্টি হচ্ছে।

- মালা ক্ষেতে কাজ করছে ।

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ শিক্ষার্থীদেরকে শব্দ পড়ার জন্যে সাহায্য করুন। শিক্ষার্থীদেরকে বাক্য পড়তে ও দেখে লিখার জন্যে উৎসাহিত করুন।

ফুলের মালা

রহিম তার মাকে ফুলের মালা তৈরিতে সাহায্য করেছে। তার মাকে এক একটি করি ফুল দেওয়ার সময় সে ফুলের সংখ্যা বলেছে। একটি মালাতে 10 টি ফুল অর্থাৎ 10 টি ফুল থেকে একটি মালা। রাজু ফুল দিয়েছে এবং মালা তৈরি হয়েছে। সুতরাং, আসুন, আমরা এখন বুঝার চেষ্টা করি যে কতগুলো ফুল থেকে কতগুলো মালা তৈরি করা হল।

পাঁচ দশ 	+	এক একক 	=	50 + 1 = 51 একান্ন
পাঁচ দশ 	+	দুই দশক 	=	50 + 2 = 52 বায়ান্ন
পাঁচ দশ 	+	তিনি দশক 	=	50 + 3=53 তিপ্পান্ন
পাঁচ দশ 	+	চার দশক 	=	50 + 4=54 চুয়ান্ন

পাঁচ দশ 	+	পাঁচ একক 	=	50 + 5 = 55 পঞ্চান্ন
পাঁচ দশ 	+	ছয় একক 	=	50 + 6 = 56 ছাপ্পান্ন
পাঁচ দশ 	+	সাত একক 	=	50 + 7 = 57 সাতান্ন
পাঁচ দশ 	+	আট একক 	=	50 + 8 = 58 আটান্ন
পাঁচ দশ 	+	নয় একক 	=	50 + 9=59 ঊনষাট
পাঁচ দশ 	+	দশ একক 	=	50 +10 = 60 ষাট

100 পর্যন্ত গণনা করুন -

60+1	=	61
60+2	=	62
60+3	=	63
60+4	=	64
60+5	=	65
60+6	=	66
60+7	=	67
60+8	=	68
60+9	=	69
60+10	=	70

70+1	=	71
70+2	=	72
70+3	=	73
70+4	=	74
70+5	=	75
70+6	=	76
70+7	=	77
70+8	=	78
70+9	=	79
70+10	=	80

80+1	=	81
80+2	=	82
80+3	=	83
80+4	=	84
80+5	=	85
80+6	=	86
80+7	=	87
80+8	=	88
80+9	=	89
80+10	=	90

90+1	=	91
90+2	=	92
90+3	=	93
90+4	=	94
90+5	=	95
90+6	=	96
90+7	=	97
90+8	=	98
90+9	=	99
90+10	=	100

■ শূণ্য স্থানে শুদ্ধ ক্রমে সংখ্যা লিখুন-

1	2	3	4	5	6	7	8	9	10
11		13	14			17			20
21			24						
					36				
		43						49	
	52				56				
61			64			67		69	
		73							80
			84				88		
91		93			96				100

যোগ করুন -

70	56	46	62
+ 12	+ 13	+ 12	+ 36
____	____	____	____

- যখন এককের স্থানের অঙ্কের যোগফল দশ থেকে বেশি হয়, তখন দশের সমষ্টি কম নেওয়া হয় এবং দশকের স্থানের অঙ্কটি দশকের স্থানের উপর দিকে হয়। তার পরে, দশকের স্থানের অঙ্ক সমূহের সঙ্গে যোগ করা হয়।

যেমন

```
  1
 46
+27
---
 73
```

6 একক + 7 একক যোগ করে হল

13 একক মানে | 1 দশক | 3 একক |

যোগ করুন -

75	37	55	28
+ 19	+ 46	+ 26	+ 25
____	____	____	____
65	36	38	39
+ 27	+ 54	+ 45	+ 24
____	____	____	____


বিয়োগ করুন -

75	38	86	47
− 24	− 12	− 24	− 13
____	____	____	____

বিয়োগ করতে যদি একক কম হয় তখন দশককে এককে পরিবর্তন করে নেওয়া হয়।

যেমন- 54 

বা

54 

যেমন-

54		4 14
- 26		- 2 6
28		

4 থেকে 6 বিয়োগ করতে পারিনা। সেই জন্যে 5 দশক থেকে 1 দশক পযন্ত 10 একক পর্যন্ত পরিবর্তন করে নেওয়া হয়। এখন, আমাদের কাছে 4 দশক এবং 14 একক আছে। 14 একক থেকে 6 একক বিয়োগ করলে 8 একক থাকবে। 4 দশক থেকে 2 দশক বিয়োগ করলে 2 দশক থাকবে ।

বিয়োগ করুন -

76	53	32	65
− 38	− 27	− 15	− 28
____	____	____	____
96	88	40	54
− 68	− 39	− 27	− 28
____	____	____	____

আসুন, গুণ করতে শিখি -

বিদ্যালয়ের স্বাধীনতা দিবস উপলক্ষ্যে ছাত্র - ছাত্রীদের মধ্যে লাড্ডু বিতরণ করা হয়েছে। একটি বাক্সে চারটি লাড্ডু ধরে। আসুন, 10 জন ছাত্র-ছাত্রীদেরকে লাড্ডুর বাক্সা দেওয়ার জন্য কতটি লাড্ডুর প্রয়োজন হবে হিসাব করে দেখি।

1 জন শিশু পাবে  অর্থাৎ 1 টি প্যাকেটে 4 টি লাড্ডু আছে।

1 বার 4

1 গুণ 4

বার 1 X 4 = 4 টি লাড্ডু

---

2 জন শিশু পাবে  অর্থাৎ 2 টি প্যাকেটে 4 টি লাড্ডু আছে।

4+4

2 বার 4

2 গুণ 4

বার 2 X 4 = 8 টি লাড্ডু

---

3 জন শিশু পাবে  অর্থাৎ 3 টি প্যাকেটে 4 টি লাড্ডু আছে।

4+4+4

3 বার 4

3 গুণ 4

বার 3 X 4 = 12 টি লাড্ডু

---

4 জন শিশু পাবে  অর্থাৎ 4 টি প্যাকেটে 4 টি লাড্ডু আছে।

4+4+4+4

বার 4 গুণ 4 4 X 4 = 16 টি লাড্ডু

এখন বলুন 7 জন কতটি লাড্ডু পাবেন ?

4 + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ = ☐ ☐ বার

বা ☐ গুণ ☐ = ☐ × ☐ = ☐ টি লাড্ডু

10 জন কতটি লাড্ডু পাবেন ?

4 + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐

= ☐ বার ☐ = ☐ গুণ ☐ = ☐ × ☐ = ☐ টি লাড্ডু

■ গুণ করুন -

5	4	5	3
× 4	× 3	× 5	× 4
———	———	———	———

■ আসুন, ঝুলি গণনা করি -

1টি বান্ডিলে 100 টি ঝুলি  বা 1 বার 100	1 × 100 = 100 ঝুলি
2টি বান্ডিলে 100 টি ঝুলি  বা 2 বার 100	2 × 100 = 200 ঝুলি
3টি বান্ডিলে 100 টি ঝুলি  বা 3বার 100	3 × 100 = 300 ঝুলি
	4 × 100 = 400 ঝুলি
	5 × 100 = 500 ঝুলি
	6 × 100 = 600 ঝুলি
	7 × 100 = 700 ঝুলি
	8 × 100 = 800 ঝুলি
	9 × 100 = 900 ঝুলি
	10 × 100 = 1000 ঝুলি

কার্য পত্র


1. নীচে দেওয়া অক্ষরগুলো সনাক্ত করে বৃত্ত করুন -

ও - ওল দেওয়া

গা - গাজ গাছ

লো - লোভ লোচন

2. ছবিতে থাকা বস্তুগুলোর নামে বৃত্ত করুন -



কলসী

বাক্সা

বোতল

নল

3. পড়ুন ও লিখুন -

গেলাসে জল আছে।

_____

4. ছবির নাম লিখুন -







_____ _____ _____

5. শূণ্য স্থান পূর্ণ করুন -

পাঁচ দশক 	এক একক 	=	☐ + ☐ = ☐
পাঁচ দশক 	চার একক 	=	☐ + ☐ = ☐

6. শূণ্য স্থানে শুদ্ধ ক্রমে সংখ্যা লিখুন -

21			24				28		30
		33			36			39	


7. শূণ্য স্থান পূর্ণ করুন -

90 + 2 = _____

70 + 5 = _____

46	58
+ 27	− 27
_____	_____

8. ঝুলি গণনা করে লিখুন -





_____ ঝুলি



_____ ঝুলি

আলোচনার জন্যে -

শিক্ষার্থীদের সাথে চাষ - বাস সম্পর্কে আলোচনা করুন। তাদেরকে জিজ্ঞাসা করুন -

1. ছবিতে মোট কয়টি ঘর আছে ? **2.** এই ছবিতে মোট কয়জন ব্যক্তি দেখা যাচ্ছে ?

3. ছবিতে মোট কয়টি জন্তু দেখা যাচ্ছে ?

4. ছবিতে মোট কয়টি ঠেলা গাড়ি আছে ?



4 আমাদের চারপাশ

আমরা শিখবো

এ ঐ জ ভ ড ড় শ ষ ং ঁ

- তিনটি অঙ্কের সংখ্যার যোগ ও বিয়োগ।
- দৈর্ঘ্য, ওজন ও তরল পদার্থের মাপ নিতে জানা।
- দুই অঙ্কের সংখ্যার সাথে একটি সংখ্যার গুণ করা।
- ওজনের ধারণা করতে পারা।

আসুন, ছবি দেখে পড়ি -



জীব-জন্তু




জঙ্গল



কুয়ো



চাঁদ



বৃষ্টি



ষাঁড়

শিক্ষকের প্রতি নির্দেশনা ঃ ওপরে দেওয়া শব্দগুলো পড়ার ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে সাহায্য করুন। তাদেরকে ছবিগুলোর আধারে অনুমান করার সঙ্গে পড়তে উৎসাহিত করুন।


আসুন, পড়ি ও লিখি -

এ



একতাই পরম বল।

ঐ



হাতির অন্য নাম ঐরাবত।

জ



জাহাজ জলে চলে।

ভ



ভোটদান আমাদের অধিকার।

জে



কাগজে লেখা হয়।

ভৈ




শিবের অন্য এটি নাম ভৈরব।

শ



শাক-সবজি পুষ্টিকর খাদ্য।

ষ



ষড়ভুজে ছয়টি কোণ থাকে।

ড



ডমরু বাজে ডুগ ডুগ ডুগ।

ড়




গাড়িটি রাস্তা দিয়ে যাচ্ছে।

ং



কলং একটি নদী।

ঙ



রাত্রের আকাশে চাঁদ দেখা যায়।

জল	ভোজ	শরত	কোমড়া
.....	.....	.....	.....

ডাকটিকিট	হাঁস	কলং	শৈশব
.....	.....	.....	.....

ছবির বিষয়ে তিনটি বাক্য লিখুন -



ক) _____

খ) _____

গ) _____

■ যোগ করুন-

741	685	135	437
+ 132	+ 114	+ 232	+ 142
_____	_____	_____	_____

● রবি 550 টাকার চাউল ও 120 টাকার চিনি কিনল। সে দোকানীকে মোট কত টাকা দিলো?

_____

■ বিয়োগ করুন-

739	735	895	436
– 225	– 123	– 242	– 115
_____	_____	_____	_____

● রাণীর সাথে 950 টাকা ছিল। সে 530 টাকার একটি শাড়ি কিনল। রাণীর সাথে এখন কত টাকা আছে ?

_____


■ দৈর্ঘ্যের জোখ - মাপ -

মনে রাখবেন

1 সেন্টিমিটার = 10 মিলিমিটার

100 সেন্টিমিটার = 1 মিটার

1000 মিটার = 1 কিলোমিটার



- ঘরের বেড়া বা প্রাচীরে দুইটি দাগ দেন যাতে দাগ দুইটির মধ্যের দূরত্ব 1 মিটার হয়।
- সহপাঠীর সাহায্যে নিজের ও সহপাঠীর উচ্চতা মেপে লিখুন।

শূণ্য স্থান পূর্ণ করুন -

- দুটি শহরের মধ্যের দূরত্ব আমরা _____ দ্বারা মাপি।
- কাপড়ের দৈর্ঘ্য _____ দ্বারা মাপা হয়।



শূণ্য স্থান পূর্ণ করুন -
